শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

যীশু অন্ধকে চক্ষু দেন



লেখক: Edward Hughes
চিত্রাংকন: Janie Forest
অভিযোজন: Ruth Klassen
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2015 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

বরতীময় একজন অন্ধ মানুষ। সে যিরীহোর পথের পাশে বসে ভিক্ষা চাইছিল। কিছু দয়াময় লোকেরা এ পথ দিয়ে যাওয়ার সময় সম্ভবত একটা ছোট্ট পয়সা অথবা কিছু খাবার দিত। বরতীময় কাজ করতে পারত না, কারণ সে দেখতে পেত না। সে একমাত্র ভিক্ষা করতে পারত।



একদিন বড়ো রাস্তা খুব ব্যস্ত ছিল। বরতীময় অনেক লোকের পায়ের আওয়াজ শুনতে পেল। কিছু যেন অনিয়মমাফিক হচ্ছিল। সেটা কী, সে সম্পর্কে অন্ধ মানুষটি শীঘ্র বুঝতে পারল। নাসরতীয় যীশু শহর এসেছিলেন। যীশুকে দেখার জন্য এবং তাঁর কথা শুনতে জনতা একত্র হয়েছিল।



“যীশু, দায়ূদ সন্তান, আমার প্রতি করুণা করুন!” বরতীময় কেন চিৎকার করছিল? কেন সে চিন্তা করছিল যে, যীশু তাকে সাহায্য করতে পারেন? বোধহয় সে অন্যদের কাছে শুনেছিল যীশু সুস্থ করছিলেন। বোবা, কালা, খোঁড়া ও কিছু অন্ধ লোককে যীশু সুস্থ করেছিলেন। বরতীময় চিৎকার করে বলতে লাগল, “যীশু, দায়ূদ সন্তান, আমার প্রতি কৃপা কর”। তার কণ্ঠস্বর আশায় বাজতে লাগল।

একটি বিষয়ে বরতীময় স্থির ছিল যে, যদি এখন সাহায্য পাওয়া না যায়, বোধহয় আর এই সুযোগ পাওয়া যাবে না। যীশু এই রাস্তা দিয়ে বোধহয় আর যাবেন না।

বরতীময়কে যীশুর কাছে পৌঁছাতে হবে, কিন্তু জনতা সরছিল না। তারা “শশশশ” করে তাকে চুপ করতে বলল।

কিন্তু বরতীময় চুপ ছিল না। ক্রমাগত বলতে থাকল। হঠাৎ যীশু দাঁড়ালেন! শোন! অন্ধ মানুষটিকে তাঁর কাছে আনার জন্য আদেশ দিলেন। লোকেরা বরতীময়কে বলল, "ওহে, সাহস কর; ওঠ, যীশু তোমাকে ডাকছেন"।

কাপড় ফেলে রেখে বরতীময় উঠে যীশুর কাছে এল।



যীশু জিজ্ঞাসা করলেন, “তুমি কী চাও?”
তুই কীভাবে উত্তর দিতে? তুমি কি অনেক
টাকা–পয়সা অথবা জামা–কাপড় চাইতে?
বরতীময় কী চেয়েছিল?



না, অন্ধ বরতীময় যীশুর কাছে সোনা অথবা সুন্দর জামা চায়নি। সে কী চেয়েছিল, তা কি তুমি জান?



বরতীময় দেখতে চেয়েছিল, "প্রভু, আমি যেন আমার দৃষ্টি ফিরে পাই"। ঈশ্বরের সৃষ্ট পাখি, গাছ এবং সমস্ত সৌন্দর্য। সে দেখতে চেয়েছিল যেন সে নিজের দেখাশোনা করতে পারে এবং আর ভিক্ষা করতে না হয়।

তখন যীশু বরতীময়কে বললেন, “তোমার দৃষ্টি ফিরে পাও, তোমার বিশ্বাস তোমাকে রক্ষা করল”।



যেইমাত্র সে তার দৃষ্টি ফিরে পেল, সে যীশুকে অনুসরণ করতে লাগল। সে যা বলতে পারত তা হল, “ঈশ্বর আশ্চর্যকারী! তিনি আমাকে সুস্থ করেছেন”। বরতীময়ের জন্য এটা একটা বিস্ময়কর ঘটনা।

সমস্ত লোকেরা যখন এটা দেখল, তারা ঈশ্বরের ধন্যবাদ করল। তারা ঈশ্বরের পুত্র যীশুর অদ্ভুত শক্তিকে দেখে নিল যে, তিনি এক দরিদ্র ভিখারির চোখের দৃষ্টি ফিরিয়ে দিচ্ছেন।

যীশু অন্ধকে চক্ষু দেন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মার্ক ১০; লুক ১৮; যোহন ৯

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্ড়ি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্ড়িস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্ড়রে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্ড়কাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্ড়কাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্ড়ান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬